

প্রিয় পিতামাতা বা অভিভাবকমণ্ডলী,

আপনি জেনে থাকতে পারেন যে আমাদের স্কুলগুলো একটি কঠিন আর্থিক সমস্যার মধ্য দিয়ে অগ্রসর হচ্ছে। নিউ ইয়র্ক স্টেটের আইনসভা এ বছরের জন্য কোন বাজেট অনুমোদন করেননি, তবে গভর্নরের প্রস্তাবিত বাজেটের কারণে নিউ ইয়র্কের স্কুলগুলোর গত বছরের চাইতে ৫শত মিলিয়ন ডলার কম বরাদ্দ পাওয়ার আশঙ্কা রয়েছে। এই বাজেট বরাদ্দ কমানো ছাড়াও অন্যদিকে আমাদের ব্যয়ের পরিমাণ বেড়ে গেছে, যার ফলে মূলতঃ আমাদের বাজেট ঘাটতির পরিমাণ ৭৫০ মিলিয়ন ডলারেরও বেশি।

গত সপ্তাহ পর্যন্ত আমাদের বিশ্বাস ছিলো বাজেট ঘাটতির কারণে সিটি জুড়ে ৪,৪০০ শিক্ষক চাকুরিচ্যুত হচ্ছেন। তবে এই সপ্তাহের শুরু দিকে মেয়র ব্লুমবার্গ ঘোষণা দিয়েছেন যে তিনি আমাদের শিক্ষকদের চাকুরি বহাল রাখার জন্য পরবর্তী দুই বছরের জন্য প্রস্তাবিত শিক্ষক ও প্রশাসনিক কর্মকর্তাদের বেতন বৃদ্ধি স্থগিত রাখবেন। অনুরূপভাবে ডিপার্টমেন্টের কেন্দ্রীয় ব্যবস্থাপনা কর্মীদেরও বোর্ড জুড়ে বর্ধিত জীবনযাত্রাজনিত বেতনবৃদ্ধি হবে না।

একারণে পরবর্তী বছরে আমাদের একজন শিক্ষককেও চাকুরি হারাতে হবে না।


আমি জানি যে আমাদের শিক্ষকমণ্ডলী ও তাদের পরিবারবর্গের জন্য এই বেতনবৃদ্ধি ছেড়ে দেয়া খুব সহজ বিষয় নয়। তবে আমি বিশ্বাস করি যে কঠিন সময়ের মোকাবেলা করতে কিছুটা ত্যাগের প্রয়োজন হয়। কেন্দ্রীয় প্রশাসনিক ব্যয়ও ইতোমধ্যে প্রায় শতকরা ২০ ভাগ হ্রাস করা হয়েছে গত দুই বছরে, যার মধ্যে ৫৫০টি পদ বিলুপ্তিও অন্তর্ভুক্ত আছে। আগামী বছর কেন্দ্রীয় অফিসে শতকরা ৫ ভাগ বাজেট হ্রাসসহ বাড়তি ৪০ মিলিয়ন ডলারের কর্মী ছাটাই করা হবে।

যখন কর্মী ছাটাই না করে স্টেটের অর্থ বরাদ্দ হ্রাসের কারণে সংঘটিত বাজে অবস্থার হাত থেকে স্কুলগুলোকে রক্ষা করার উদ্যোগে দীর্ঘমেয়াদী বাজেট প্রভাব বিস্তার করবে, তখন এর মাধ্যমে আমাদের বাজেটসংক্রান্ত সকল সমস্যার সমাধান হবে না। এতদসত্ত্বেও আগামী বছর অবসরে যাওয়া শিক্ষকের পদে নিয়োগ দেয়া সম্ভব হবে না বলে আমাদেরকে কমপক্ষে ২ হাজার শিক্ষকের পদ হারাতে হতে পারে বলে আশঙ্কা করছি। এবং আমরা এখনও বিরাট অঙ্কের ঘাটতির মধ্যে আছি, যার কারণে আমাদেরকে কেন্দ্রীয় ও স্কুলভিত্তিক ব্যয়সংকোচনের ব্যাপারে চিন্তা করতে হচ্ছে। আসন্ন স্কুল বছরের জন্য আমাদের স্কুল বাজেটকে বাধ্য হয়ে শতকরা চার ভাগ হ্রাস করতে হচ্ছে। আমি জানি আমাদের স্কুলের এই বাজেট হ্রাস করা খুব সহজ কথা নয়, বিশেষ করে এটি যখন হচ্ছে গত বছরের শতকরা ৪.৯ ভাগ বাজেট হ্রাসের অতিরিক্ত। তবে আমরা সর্বতোভাবে চেষ্টা করবো আমাদের শিক্ষকমণ্ডলীদেরকে ক্লাসে রাখার এবং আমাদের এই বাজেট সংকোচনের প্রভাব শিক্ষার্থীদের ওপর কম করার।

আপনাদের যদি নির্দিষ্ট স্কুল সংক্রান্ত কোন প্রশ্ন থাকে, তাহলে তা নিয়ে সন্তানদের প্রিন্সিপ্যাল বা প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করার অনুরোধ করছি। এছাড়া আপনারা DOEBudget@schools.nyc.gov ঠিকানায়ও ইমেইল করতে পারেন।

বর্তমানে সিটি- এমনিকি সারা দেশ যখন অল্প সম্পদে ব্যয়সংকুলান করতে বাধ্য হচ্ছে, উল্লিখিত পরিকল্পনাটি আমাদের শিক্ষার্থীদের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ: তথ্যবহুল, উৎসাহপ্রদানকারী, পরিশ্রমী শিক্ষকমণ্ডলী, যারা শিক্ষার্থীদের জন্য প্রকৃত পরিবর্তন সাধন করছেন, তাদের চাকুরি বজায় রাখার সুযোগ দিচ্ছে।

বিশ্বস্ততার সাথে,



জোয়েল আই ক্লাইন
চ্যান্সেলর